গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি ২০২০-২০২১/২০২০/৭৬(ক) তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

EIIN NO-120818

ভর্তি বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর স্মারক নং-মাউশিবোদি/কলেজ/ভর্তি/২০২০/৩০৭(২) তারিখ: ২২/০৭/২০২০ মোতাবেক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে দিনাজপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:
২০১৮, ২০১৯ ও ২০২০ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ভর্তির ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ২২ বছর।

২। আবেদনের জন্য ভর্তির যোগ্যতা:
২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম (এস.এস.সি./সমমানের পরীক্ষায়) জি.পি.এ. ৪.৭৫, মানবিক শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:
শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১ ও ৩.৩ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।

৪। কোটা:
মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের জন্য নির্ধারিত কোটা অনুসরণ করা হবে। তাঁদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৫। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপে গ্রুপ নির্বাচন করতে পারবে:
(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি।

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি:

ক্র: নং	বিষয়	তারিখ
৬.১	ভর্তির জন্য On-line এর মাধ্যমে আবেদন গ্রহণ	০৯/০৮/২০২০ (রবিবার) থেকে ২০/০৮/২০২০ (বৃহস্পতিবার) (১৫/০৮/২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কলসেন্টার বন্ধ থাকবে)
৬.২	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৫/০৮/২০২০ (মঙ্গলবার রাত ৮:০০ টায়)
৬.৩	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২৬/০৮/২০২০ (বুধবার) থেকে ৩০/০৮/২০২০ (রবিবার) রাত ৮:০০ টা পর্যন্ত)
৬.৪	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	৩১/০৮/২০২০ (সোমবার) থেকে ০২/০৯/২০২০ (বুধবার) রাত ৮:০০ টা পর্যন্ত)
৬.৫	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	০৪/০৯/২০২০ (শুক্রবার) রাত ৮:০০ টায়)
৬.৬	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০৪/০৯/২০২০ (শুক্রবার) রাত ৮:০০ টায়)
৬.৭	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	০৫/০৯/২০২০ (শনিবার) থেকে ০৬/০৯/২০২০ (রবিবার) বিকাল ৫:০০ টা পর্যন্ত)
৬.৮	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	০৭/০৯/২০২০ (সোমবার) থেকে ০৮/০৯/২০২০ (মঙ্গলবার)
৬.৯	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (বৃহস্পতিবার) রাত ৮:০০ টায়)
৬.১০	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (বৃহস্পতিবার) রাত ৮:০০ টায়)
৬.১১	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১১/০৯/২০২০ (শুক্রবার) থেকে ১২/০৯/২০২০ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৬.১২	কলেজ ভিত্তিক চূড়ান্ত ফল প্রকাশ	১৩/০৯/২০২০ (রবিবার সকাল ৮:০০ টায়)
৬.১৩	ভর্তি	১৩/০৯/২০২০ (রবিবার) থেকে ১৫/০৯/২০২০ (মঙ্গলবার)

৭। কলেজ ভর্তির আসন সংখ্যা:

গ্রুপ	আসন সংখ্যা
বিজ্ঞান	৪২৫
মানবিক	২০০
ব্যবসায় শিক্ষা	২০০

৮। অনলাইন/এসএমএস এ ভর্তির আবেদনের জন্য করণীয়:

১. অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd ।

২. অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৯। ভর্তি সংক্রান্ত তথ্যাদি দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর এর ওয়েবসাইটে পাওয়া যাবে:
Admission website: http://www.xiclassadmission.gov.bd
ও কলেজ ওয়েবসাইটের ঠিকানা: www.dgc.edu.bd
আবেদনকারীগণ নিম্নবর্ণিত পেমেন্ট অপারেটরের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবে।
Payment Operators:
1. Nagad 2. Sonali Bank 3. Teletalk 4. bkash 5. Sure Cash 6. Rocket

১০। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য মন্ত্রণালয় অথবা বোর্ড কর্তৃক সংযোজন ও বিয়োজন হতে পারে।

প্রতি স্বাক্ষর
২৭/৭/২০২০
(প্রফেসর সৈয়দ মোহাম্মদ হোসেন)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৭/৭/২০২০
(মো: আব্দুল মতিন)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৭/৭/2020